

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তর
চট্টগ্রাম বিভাগ
স্বাস্থ্য ভবন, ৫নং লয়েল রোড, চট্টগ্রাম।
[Web: dghs.chittagongdiv.gov.bd](http://Web:dghs.chittagongdiv.gov.bd)

স্মারক নং- বিঃপঃস্বঃচঃ/কন্ট্রোলরুম/প্রশা-২০২৩/১২৩৭১/৫(৬)


তারিখঃ-১৭/০৯/২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ- চলমান ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় জরুরী নির্দেশনা।

সূত্রঃ- স্বাস্থ্য অধিদপ্তরের সাথে ১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্স।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সারা দেশে চলমান ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় অদ্য ১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) মহোদয় সকল স্বাস্থ্য প্রশাসকগণের সাথে জুম অ্যাপের মাধ্যমে একটি জরুরী ভার্চুয়াল সভায় মিলিত হন। সভার সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম বিভাগের ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় নিম্ন লিখিত নির্দেশনা অনুসরণের জন্য অনুরোধ করা হলোঃ-

- ০১। ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় চট্টগ্রাম বিভাগের প্রতিটি উপজেলা ও জেলা হাসপাতালে ০৩(তিন) সদস্য বিশিষ্ট র‍্যাপিড রেস্পন্স টিম গঠন করতে হবে।
- ০২। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল/জেলা সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক এবং সদর হাসপাতালের সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়কগণ ডেঙ্গু আক্রান্ত হয়ে প্রতিটি মৃত রোগীর মৃত্যু পূর্ববর্তী শারীরিক অবস্থা ও চিকিৎসা ব্যবস্থাপনা সম্পর্কে অনুসন্ধান করে স্বাস্থ্য অধিদপ্তরে প্রতিবেদন (Death Review) প্রেরণ করবেন।
- ০৩। সিভিল সার্জনগণ স্ব-স্ব জেলার এবং নিয়ন্ত্রনধীন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মজুদ ও চাহিদা মনিটরিং করবেন এবং প্রয়োজনে আশেপাশের জেলার সিভিল সার্জনের সাথে সমন্বয় করবেন। একই সাথে সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান ও প্রশাসনের সাথে সমন্বয় করে ঔষধের বাজার মনিটরিং করবেন।


বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
ফোনঃ- ০২ ৩৩৩৩ ৫৪১২৯
E-mail: cdho@ld.dghs.gov.bd

প্রাপক


- ০১। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল/জেলা সদর হাসপাতাল... (সকল), চট্টগ্রাম বিভাগ।
- ০২। সিভিল সার্জন.....(সকল), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা.....(সকল), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

স্মারক নং- বিঃপঃস্বঃচঃ/কন্ট্রোলরুম/প্রশা-২০২৩/১২৩৭১/৫(৬)

তারিখঃ-১৭/০৯/২০২৩ খ্রিঃ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ০১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ- সচিব মহোদয়ের একান্ত সচিব।
- ০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। সহকারী পরিচালক (সমন্বয়)।
- ০৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)/(পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ০৪। পরিচালক, আইইইডিসিআর, মহাখালী, ঢাকা-১২১২।


বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।